শেখ হাসিনার হাতটি ধরে
পথের শিশু যাবে ঘরে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
দাকোপ, খুলনা
dss.dakop.khulna.gov.bd

নম্বর: ৪১.০১.৪৭১৭.০০০.০৪.০১৬.২২.২২

তারিখ:১৫/০১/২০২৪ খ্রি:

## সভার নোটিশ

| ক্রম | সভার নাম | সভার তারিখ | সভার সময় |
|---|---|---|---|
| ১ | উপজেলা সমাজকল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটি | ২৩/০১/২০২৪ | সকাল ১০.৩০ মিনিট |
| ২ | উপজেলা মুক্তিযুদ্ধ সম্পর্কিত স্থায়ী কমিটি | ২৩/০১/২০২৪ | সকাল ১১.০০ মিনিট |

সভার উল্লিখিত তারিখ ও সময়ে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আপনাকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(প্রজিত রায়)
উপজেলা সমাজসেবা অফিসার
দাকোপ, খুলনা

...............................

...............................

...............................

নম্বর: ৪১.০১.৪৭১৭.০০০.০৪.০১৬.২২.২২

তারিখ:১৫/০১/২০২৪ খ্রি:

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা
২. উপজেলা চেয়ারম্যান, দাকোপ, খুলনা
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা
৪. উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা
৫. অফিস কপি

(প্রজিত রায়)
উপজেলা সমাজসেবা অফিসার
দাকোপ, খুলনা

## উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি, দাকোপ, খুলনার দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব গৌরপদ বাছাড়, উপজেলা ভাইস চেয়ারম্যান, দাকোপ, খুলনা

সভার তারিখ: ২৩/০১/২০২৪ খ্রি:, সময়: সকাল-১০:৩০ মিনিট

সভার স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার জনাব প্রজিত রায় সভা শুরু করেন। অত:পর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | জনাব প্রজিত রায়, সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। | কোন প্রকার সংশোধনী না থাকায় তা' সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দাকোপ, খুলনা |
| ০২ | ইউনিয়ন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ও মহিলা ভাতা, এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন কমিটি হতে ২০২৩-২৪ অর্থ বছরের অতিরিক্ত প্রতিবন্ধী ভাতা প্রতিস্থাপনের তালিকা উপজেলা কমিটিতে অনুমোদনের পর সমাজকল্যাণ কমিটিতে অনুমোদন | সদস্য সচিব জানান যে, অত্র উপজেলার ০৯ টি ইউনিয়ন ও ০১ টি পৌরসভায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ও মহিলা ভাতা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন কমিটি হতে আগত ২০২২-২৩ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দের প্রতিবন্ধীর তালিকা ও প্রতিস্থাপনের তালিকা ইউনিয়ন কমিটির রেজুলেশনের মাধ্যমে উপজেলা কমিটিতে উপস্থাপনের কথা বলা হয়। ০৯ টি ইউনিয়ন ও ০১ টি পৌরসভা থেকে নিম্নলিখিত প্রতিস্থাপনের তালিকা পাওয়া যায়; যা উপজেলা কমিটিতে চূড়ান্ত অনুমোদন নেয়া হয়েছে।<br>বয়স্ক ভাতা মোট- ৫০০ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা মোট- ৭৮ জন এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা মোট-২১ জন। এছাড়া ২০২২-২৩ অর্থ বছরের অসচ্ছল প্রতিবন্ধী ভাতা খাতে মোট ৩৬৯ জনের তালিকা গত ১৫/১২/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা কমিটির সভায় চূড়ান্ত অনুমোদন নেয়া হয়েছে। যা এখন উপজেলা সমাজকল্যাণ কমিটির সভায় অনুমোদনের প্রয়োজন। | সভায় সকল সদস্যদের মধ্যে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থাপিত তালিকাসমূহ যাচাই বাছাই করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে সকল ইউনিয়নের ও পৌরসভার ২০২২-২৩ অর্থ বছরে অতিরিক্ত প্রতিবন্ধী ৩৬৯ জন;<br>প্রতিস্থাপন:<br>বয়স্ক ভাতা মোট- ৫০০ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা মোট- ৭৮ জন এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা মোট-২১ জনের তালিকা চূড়ান্ত বলে গৃহীত ও অনুমোদিত হয়। | (ক)উপজেলা সমাজসেবা অফিসার, দাকোপ, খুলনা<br><br>(খ) ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দাকোপ, খুলনা |
| ০৩ | পে-রোল সংক্রান্ত | সদস্য সচিব জানান যে, যে সকল ভাতাভোগীর নগদ নম্বরে সমস্যা আছে ; তাদের দ্রুত উপজেলা সমাজসেবা অফিসে এসে নগদ নম্বর ঠিক করে নিতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের মেম্বর ও গ্রাম পুলিশদের মাধ্যমে বিষয়টি বহুল প্রচারের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক)উপজেলা সমাজসেবা অফিসার, দাকোপ, খুলনা<br><br>(খ) ইউনিয়ন চেয়ারম্যান |

২৮/০১/২৪

গৌরপদ বাছাড়
ভাইস চেয়ারম্যান

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (সকল), দাকোপ, খুলনা |
| ০৪ | অপেক্ষমান তালিকা | সদস্য সচিব সভায় জানান যে, যে সকল ইউনিয়নে এখনও অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির যোগ্য লোক রয়েছে; সে সকল ইউনিয়নের প্রতি ওয়ার্ড থেকে ০৫ জন করে অপেক্ষমান তালিকা প্রদান করলে মৃত/ নিরুদ্দেশ ভাতাভোগীর পরিবর্তে প্রতিস্থাপন করতে কোন বিলম্ব হবে না। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন কমিটি থেকে অপেক্ষমান তালিকা প্রদানের বিষয়টি চূড়ান্ত হয়। | ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দাকোপ, খুলনা |
| ০৫ | বিবিধ | সদস্য সচিব সভায় জানান যে, অত্র উপজেলায় অনেক সুস্থ ব্যক্তি প্রতিবন্ধী আইডি কার্ড পেয়েছেন এবং ভাতার আওতায় এসেছেন। বিষয়টি সুরাহা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, এসকল ব্যক্তিদের সনাক্ত করে উপজেলা প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা কমিটির মাধ্যমে এদের সুবর্ণ নাগরিক কার্ড বাতিল ও ভাতা বাতিল করতে হবে। | (ক)উপজেলা সমাজসেবা অফিসার, দাকোপ, খুলনা (খ) সদস্য(সকল),উপজেলা প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা কমিটি, দাকোপ, খুলনা |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/০১/২৪
(গৌরপদ বাছাড়)
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
দাকোপ, খুলনা

স্মারক নম্বর: ৪১.০১.৪৭০০.০১৮.০০১.১৬.২১.৩২

তারিখ: ২৩/০১/২০২৪ খ্রি:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা
২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা
৩। উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা
৪। ...........................,সদস্য, উপজেলা সমাজকল্যান বিষয়ক স্থায়ী কমিটি, দাকোপ, খুলনা
৫। অফিস কপি

২৩/০১/২৪
(প্রজিত রায়)
উপজেলা সমাজসেবা অফিসার
দাকোপ, খুলনা
ও
সদস্য সচিব
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
দাকোপ, খুলনা